আজকের কাগজ

তারিখ 27 APR 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

169

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিবিরের ৬ নেতা গ্রেফতার ।। বুধপাড়া ঘাঁটি থেকে বিপুল অস্ত্র উদ্ধার

পুলিশ গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ইসলামী ছাত্র শিবির রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মতিউর রহমান আখন্দ ও সাধারণ সম্পাদক গোলাম মুর্তজাসহ শীর্ষস্থানীয় ৬ জন নেতাকে গ্রেফতার করেছে।

গত ৬ ফেব্রুয়ারির সন্ত্রাসী ঘটনা এবং বেশ কিছু ছাত্র নিহত হওয়ার ঘটনার সঙ্গে জড়িত থাকার সন্দেহে পুলিশ তাদের গ্রেফতার করেছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি নিয়ে প্রক্টর অফিসে এক আলোচনায় বসলে শিবির প্রক্টর অফিস ঘেরাও ও ওখানে সমাবেশ করার চেষ্টার সময় পুলিশ ঐ নেতাদের গ্রেফতার করে। গ্রেফতারকৃত শিবিরের অন্যান্য ৪ নেতা হলো খাইরুল ইসলাম, নূরুল ইসলাম, মোহাম্মদ সেলিম ও মাঈনুল ইসলাম।

এদিকে গত রোববার রাতে পুলিশ ক্যাম্পাস সংলগ্ন বুধপাড়া গ্রামে শিবিরের একটি গোপন আস্তানায় হানা দিয়ে বিপুল অস্ত্র উদ্ধার করেছে। অস্ত্রগুলোর মধ্যে রয়েছে ৩টি পাইপগান, ১৭০টি তীরসহ বিপুল পরিমাণ অস্ত্র তৈরির সরঞ্জাম। খবর ইউএনবি।